ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd



স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/নজরুল বর্ষ/২০২৬/২৬৬৫৯ তারিখ: ২০ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ / ০৫ নভেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

আগামী ১২ নভেম্বর-২০২৬ তারিখ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত সকল ফাজিল ও কামিল স্তরের মাদরাসাসমূহে নজরুল বর্ষ পালন উপলক্ষে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের আদর্শ, চেতনা ও সৃষ্টিকে জাতির কর্ম ও মননে সমুন্নত রাখার প্রয়াসে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে ০৫ (পাঁচ) টি ক্যাটাগরিতে বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতা আয়োজনের নিমিত্তে নিম্নোক্ত পরিচালনা কমিটি গঠন করা হলো:

বিভাগীয় পর্যায়ে পরিচালনা কমিটি:

ক্রম.	পদের নাম/সদস্য	কমিটিতে অবস্থান	সংখ্যা
০১	বিভাগীয় প্রতিযোগিতার জন্য নির্ধারিত ভেন্যু মাদরাসার অধ্যক্ষ	সদস্য সচিব	১ জন
০২	ভেন্যু মাদরাসার পার্শ্ববর্তী কামিল মাদরাসার অধ্যক্ষ (ভেন্যু মাদরাসার অধ্যক্ষ কর্তৃক মনোনীত)	সদস্য	১ জন
০৩	ভেন্যু মাদরাসার পার্শ্ববর্তী ফাজিল মাদরাসার অধ্যক্ষ (ভেন্যু মাদরাসার অধ্যক্ষ কর্তৃক মনোনীত)	সদস্য	১ জন
০৪	নির্বাচিত ভেন্যু মাদরাসার পার্শ্ববর্তী সরকারি কলেজের বাংলা বিভাগের সহকারী অধ্যাপক (ভেন্যু মাদরাসার অধ্যক্ষ কর্তৃক মনোনীত)	সদস্য	১ জন

উপরোক্ত কমিটি বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতার বিচার কার্য এবং সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম সম্পন্ন করবেন।

প্রতিযোগিতার ক্যাটাগরিসমূহ:

ক. ক্যাটাগরি-১: নজরুলের ইসলামিক সংগীত/গজল
খ. ক্যাটাগরি-২: নজরুলের কবিতা আবৃত্তি
গ. ক্যাটাগরি-৩: কবি নজরুল রচিত হামদ ও নাত
ঘ. ক্যাটাগরি-৪: রচনা প্রতিযোগিতা (বিষয়: নজরুল ও মানুষের মুক্তি)
ঙ. ক্যাটাগরি-৫: উপস্থিত বক্তৃতা (সংশ্লিষ্ট কমিটি তাৎক্ষণিকভাবে বিষয় নির্ধারণ করবে)

অনুসরণীয় শর্তাবলী

১। রচনা অবশ্যই মৌলিক হতে হবে।
২। রচনা প্রতিযোগিতার ক্ষেত্রে প্রতিযোগীকে নির্ধারিত বিষয়ে রচনা পূর্বে স্বহস্তে লিখে আনতে হবে।
৩। বই প্রবন্ধ বা লেখকদের রেফারেন্স দিতে হবে।
৪। রচনার মোট শব্দের সংখ্যা ২০০০ (দুই হাজার) এর মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

অনুসরণীয় নির্দেশিকা:

বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতা নিম্নোক্ত ভেন্যুসমূহে অনুষ্ঠিত হবে:

ক্রম	বিভাগ	নির্ধারিত ভেন্যু/ভেন্যু মাদরাসার নাম
১	বরিশাল	জেলা শিল্পকলা একাডেমি, বরিশাল (বাঘিয়া আল-আমিন কামিল মাদরাসা, বরিশাল)
২	ঢাকা	সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা
৩	চট্টগ্রাম	জামেয়া আহমদিয়া সুন্নিয়া কামিল মাদরাসা, চট্টগ্রাম
৪	রাজশাহী	ঠনঠনিয়া নুরুন আলা নুর কামিল মাদরাসা, বগুড়া
৫	রংপুর	ধাপসাতগড়া বায়তুল মোকাররম মডেল কামিল মাদরাসা, রংপুর
৬	খুলনা	খুলনা আলিয়া কামিল মাদরাসা, খুলনা
৭	সিলেট	হযরত শাহজালাল দারুচ্ছুন্নাহ ইয়াকুবিয়া কামিল মাদরাসা, সিলেট
৮	ময়মনসিংহ	মোমেনশাহী ডি.এস. কামিল মাদরাসা, ময়মনসিংহ

১। বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতায় প্রতিটি ক্যাটাগরিতে বিজয়ী ১ম ও ২য় জাতীয় পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবেন।
২। জাতীয় পর্যায়ে প্রতিযোগিতা আগামী ১৬.১১.২০২৬ খ্রি. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় মিলনায়তনে সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।
৩। বিভাগীয় ও জাতীয় পর্যায়ে বিজয়ীদের পুরস্কার প্রদান অনুষ্ঠান আগামী ১৭.১১.২০২৬ খ্রি. সকাল ৯.০০ ঘটিকায় বাংলাদেশ জাতীয় যাদুঘর শাহবাগ, ঢাকা এর অডিটোরিয়ামে অনুষ্ঠিত হবে।

*(উল্লেখ্য স্মারক নং ইআবি/রেজি/প্রশা/নজরুল বর্ষ/২০২৬/১৩৬৫৩, ০৪ নভেম্বর-২০২৬ তারিখের অফিস আদেশটি বাতিল করা হলো)

ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

প্রফেসর ড. এ. কে. মুহা. নুরুল ইসলাম
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইল: ০১৭০৫-৪০৮০০১
ই-মেইল: iauregistr@gmail.com
তারিখ: ০৫ নভেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/নজরুল বর্ষ/২০২৬/২৬৬৫৯ (৯)

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. অধ্যক্ষ/অধ্যক্ষ(ভারপ্রাপ্ত), অধিভুক্ত সকল ফাজিল ও কামিল মাদরাসা;
২. সভাপতি, গভর্নিংবডি/এডহক কমিটি, অধিভুক্ত সকল ফাজিল ও কামিল মাদরাসা;
৩. জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়;
৪. ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব, ইআবি, ঢাকা (ভাইস চ্যান্সেলরের সদয় অবগতির জন্য);
৫. প্রো-ভাইস চ্যান্সেলর-একাডেমিক এর একান্ত সচিব, ইআবি, (প্রো-ভাইস চ্যান্সেলরের সদয় অবগতির জন্য);
৬. প্রো-ভাইস চ্যান্সেলর-প্রশাসন এর একান্ত সচিব, ইআবি, (প্রো-ভাইস চ্যান্সেলরের সদয় অবগতির জন্য);
৭. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, ইআবি, (ট্রেজারারের সদয় অবগতির জন্য);
৮. আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৯. অফিস নথি।

০৫/১১/২০২৬

শফিকুল ইসলাম
সহকারী রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়